

Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 27 June, 2025

ছাত্র-জনতার অভ্যুত্থানে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের পতনের স্মারক হিসেবে ৮ আগস্ট ‘নতুন বাংলাদেশ দিবস’ ঘোষণা করেছে অন্তর্বর্তী সরকার। এই সিদ্ধান্তকে কেন্দ্র করে দেশে শুরু হয়েছে নানা প্রতিক্রিয়া ও বিতর্ক।

গত বছরের ৫ আগস্ট ক্ষমতাচ্যুত হয় শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার। এর তিন দিন পর, ৮ আগস্ট, ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়। এই দিনটিকেই ‘নতুন বাংলাদেশ দিবস’ হিসেবে চিহ্নিত করে বুধবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি পরিপত্র জারি করা হয়।

তবে এই সিদ্ধান্তের বিরোধিতা করে নিজের অবস্থান জানালেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার (২৭ জুন) নিজের ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে তিনি লিখেন, “৮ নয়, ৫ আগস্টকেই ‘নতুন বাংলাদেশ দিবস’ ঘোষণা করা উচিত। কারণ ঐ দিনেই স্বৈরাচারী সরকারের পতন হয়, যা ছিল ঐতিহাসিক মুহূর্ত।”

এদিকে, শেখ হাসিনার পতনে বড় ভূমিকা রাখা তরুণদের মিলিত প্ল্যাটফর্ম জাতীয় নাগরিক পার্টি (জানাপা)-ও এই সিদ্ধান্তে অসন্তোষ প্রকাশ করেছে। দলটির বেশ কয়েকজন শীর্ষ নেতা বলেছেন, “ড. ইউনূসের নেতৃত্বে গঠিত সরকার যতই গুরুত্বপূর্ণ হোক না কেন, মূল ঘটনার দিন ছিল ৫ আগস্ট। ইতিহাস বিকৃতি মেনে নেওয়া যায় না।”

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, দিবস ঘোষণাকে কেন্দ্র করে বিভক্তি স্পষ্ট হয়ে উঠছে। কেউ

কেউ এটিকে পরবর্তী রাজনৈতিক ব্লক পুনর্গঠনের ইঙ্গিত বলেও দেখছেন।

বাংলাদেশ জামায়াতে ইসলামী নতুন বাংলাদেশ দিবস জাতীয় নাগরিক পার্টি আমির ডা. শফিকুর রহমান ড. মুহাম্মদ ইউনুস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:45

URL: <https://www.timestodaybd.com/politics/3792775807>